

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৬

আগরতলা, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

**২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে
সম্পন্ন করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে : রিটার্নিং অফিসার**

লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। আজ ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার সাজু বাহিদ এ এক প্রেস নোটে এই সংবাদ জানিয়ে বলেন, ধলাই জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে ইডিসি এক্সচেঞ্জ ফ্যাসিলিটেশন সেন্টারে ৪২৪টি ইলেকশন ডিউটি সার্টিফিকেট তথা ইডিসি বিনিময় করা হয়েছে। জরুরি পরিষেবার সঙ্গে যুক্ত অনুপস্থিত ভোটারদের মধ্যে ফর্ম ১২-ডি জমা দিয়েছেন ১৮৫ জন। এরমধ্যে গতকাল মোট ১০১ জন ভোট দিয়েছেন। ভোটগ্রহণের জন্য পোস্টাল ভোটিং সেন্টার আগামী ২৩ এপ্রিল পর্যন্ত চালু থাকবে। ধলাই জেলায় ভোটের কাজে নিযুক্ত ১ হাজার ৪৩ জন কর্মচারির মধ্যে ৭৯০ জন ২১ এপ্রিল বিকাল ৪টা পর্যন্ত পোস্টাল ব্যালটে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। যা মোট ভোটারের ৭৬ শতাংশ। এই প্রক্রিয়ায় ভোটগ্রহণ আগামী ২৩ এপ্রিল পর্যন্ত চলবে।

প্রেস নোটে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার জানান, ইতিমধ্যেই ধলাই জেলার বিভিন্ন মহকুমার মহকুমা শাসকগণ, বিডিওগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় জেলার বিভিন্ন ভোটকেন্দ্রগুলিতে র‍্যাম্প, পানীয়জল, ছায়া প্রদানকারী শেডের ব্যবস্থা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। প্রেস নোটে জানানো হয়েছে, রিটার্নিং অফিসারের অফিস কক্ষে ধলাই ও খোয়াই জেলায় ভোটের দিন মাইক্রো অবজারভারদের নিযুক্ত করার জন্য দ্বিতীয় পর্যায়ের রেভোমাইজেশন করা হয়েছে। তাছাড়াও নির্বাচন প্রক্রিয়া শুরু হওয়ার ৭২ ঘন্টা পূর্বে বিভিন্ন বিধিনিষেধ নিয়ে আজ বিকেল ৫টায় ধলাই জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনী এজেন্ট, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়।
